



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২৪.১২-২০৬৭

তারিখঃ ০৪/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য অন্তর্ভুক্তি ও প্রশিক্ষণ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত নারীর ক্ষমতায়ন, পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন প্রকল্প। প্রকল্পের অন্তর্ভুক্ত প্রতিটি উপজেলায় চলতি অর্থ বছরে ১০ (দশ) টি নতুন সমিতি গঠনসহ সর্বমোট ৩৫ (পয়ত্রিশ) টি মহিলা সমিতি গঠন ও ১০৫০ (এক হাজার পঁঞ্চাশ) জন সদস্য অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং গঠিত সমিতির ৬০ ভাগ সদস্যদের প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। প্রকল্পভুক্ত সুফলভোগীদের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করতে উপজেলায় সমিতি গঠন ও সদস্য অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা অর্জন একান্ত জরুরী। এ জন্য আপনার উপজেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন এবং সদস্য অন্তর্ভুক্তি দ্রুত নিশ্চিত করা প্রয়োজন। প্রশিক্ষণের ক্ষেত্রে সমিতির মোট সদস্যের ৬০% এর বেশী যেন প্রশিক্ষণে অন্তর্ভুক্ত না হয় এবং একজন সদস্য যেন একাধিক আইজিএ প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ না পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রমে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ প্রশিক্ষকদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

এমতাবস্থায় আপনার উপজেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী মহিলা সমিতি গঠন ও সদস্য অন্তর্ভুক্তিসহ প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসূ ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য সুফলভোগীদের আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য ইতিমধ্যে ২০১৪-১৫ অর্থ বছরে প্রতি উপজেলায় ০৩ (তিন) টি ব্যাচের অর্থ ছাড় করা হয়েছে।


প্রকাশিনী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
উপজেলাঃ -----,
জেলাঃ-----।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :-----।
২. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), উপজেলা.....জেলা.....।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস কপি।